দৈনিক বাংলা

099

তারিখ ... 25.5.84 ...
পৃষ্ঠা... ... ... ... কলাম... ... ...

# আবদুল্লাহ আল-মুতি শরফুদ্দীনকে শাব্বির ফাউণ্ডেশন পুরস্কার দান

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

মঙ্গলবার ডক্টর আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীনকে শাব্বীর ফাউন্ডেশনের শিশু কিশোর সাহিত্য পরিষদের ১৯৮৩ সালের পুরস্কার প্রদান করা হয়।

এ উপলক্ষে টিএসসির সেমিনার রুমে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট সাহিত্যিক জনাব শওকত ওসমান। বক্তৃতা করেন প্রফেসর মোস্তফা নূরুল ইসলাম ও ডক্টর শমসের আলী।

অনুষ্ঠানের সভাপতি প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী তাঁর বক্তৃতায় শিশু-কিশোরদের দেশের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার আহ্বান জানান।

অনুষ্ঠানে ডক্টর শরফুদ্দীনকে পুরস্কারের অর্থ পনের হাজার টাকা, একটি স্বর্ণপদক ও সম্মান-পত্র দেয়া হয়।